দৈনিক ইত্তেফাক

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 07 JUL 1988
পৃষ্ঠা ১ কলাম ৪

# এক বছরেও পরীক্ষার ফল প্রকাশিত হয় নাই

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

পরীক্ষা গ্রহণের ১ বছরের ব্যবধানেও ৩টি বিভাগের অনার্স (সনাতন) পরীক্ষার ফলাফল প্রকাশিত হয় নাই। ঢাকা বিশ্ববিদ্যা-

( ১১শ পৃঃ দ্রঃ )

## এক বছরেও

( ১ম পৃঃ পর )

লয়ের অধিভুক্ত কলেজসমূহের আওতায় ১৯৮৬ সালের অনার্স পরীক্ষা গত বছরের জুলাই মাসে অনুষ্ঠিত হয়। জানা যায়, ইতিমধ্যে ৭/৮ মাসের ব্যবধানে অন্যান্য বিষয়ের পরীক্ষার ফলাফল প্রকাশিত হইলেও ব্যবস্থাপনা, রসায়ন ও হিসাব বিজ্ঞানের ফলাফল অদ্যাবধি প্রকাশিত হয় নাই।

ফলাফল প্রকাশে বিলম্বের কারণ সম্পর্কে সঠিক তথ্য পাওয়া যায় নাই। তবে একটি সূত্র জানায়, নির্দিষ্ট সময়ে পরীক্ষকদের নিকট হইতে পরীক্ষার খাতা না পৌছার কারণে বিলম্ব ঘটিতেছে।

গতকাল (বুধবার) এই ৩ বিষয়ের একদল পরীক্ষার্থী জানায় দীর্ঘ সময়ের ব্যবধানেও পরীক্ষার ফলাফল প্রকাশ না হওয়ায় তাহারা স্নাতকোত্তর শ্রেণীতে ভর্তির সুযোগ হারাইয়াছেন। সেশন জট দূর করার উদ্যোগ গ্রহণ সত্বেও পরীক্ষার ফলাফল প্রকাশের ক্ষেত্রে বিলম্ব হওয়ার আরও অভিযোগ পাওয়া গিয়াছে। জগন্নাথ কলেজের ভূগোল বিভাগের অনার্সের ছাত্র-ছাত্রীদের একটি অংশের সাবসিডিয়ারী পরীক্ষার ফলাফল প্রায় ১০ মাসের ব্যবধানেও প্রকাশ হয় নাই।

028